# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১১২

১/ বিবিধ

আরবী

كان يقلم أظفاره ويقص شاربه يوم الجمعة قبل أن يخرج إلى الصلاة

ضعيف

رواه الطبراني في " الأوسط " (50/1 من ترتيبه) عن عتيق بن يعقوب الزبيري: حدثنا إبراهيم بن قدامة عن أبي عبد الله الأغر عن أبي هريرة مرفوعا. وقال

" لم يروه عن الأغر إلا إبراهيم "

قلت: ومن طريقه رواه البزار أيضا من رواية عتيق بن يعقوب وقال

" إبراهيم ليس بحجة "

ذكره في " الميزان " وقال

" وهو خبر منكر "

وأشار عبد الحق لتضعيف الحديث في " أحكامه " (71/2) رقم (1690 ـ بتحقيقي)

ورواه أبو الشيخ في " أخلاق النبي " (277) من هذا الوجه إلا أنه أرسله

ثم رواه من طريق أبي مصعب حدثني إبراهيم بن قدامة عن عبد الله بن محمد بن حاطب عن أبيه مرفوعا نحوه

ثم رواه من حديث ابن عمرو، وفيه محمد بن القاسم الأسدي وهو كذاب عن محمد بن سليمان المشمولي: نا عبيد الله بن سلمة بن وهرام عن أبيه، وكلهم ضعيف

ثم رواه من حديث ابن عمر دون ذكر الأظفار

وفيه الوليد بن مسلم وهو مدلس وقد عنعنه

نعم صح موقوفا على ابن عمر رضي الله عنه، فقال نافع
" كان ابن عمر يقلم أظفاره، ويقص شاربه في كل جمعة "
أخرجه البيهقي (2/244) وصححه. واستدل به على ضعف ما روي عن ابن عمر مرفوعا
(المسلم يوم الجمعة محرم، فإذا صلى فقد حل)
وذكره نحوه عن ابن عباس مرفوعا وقال
" إنما رويا عنهما بإسنادين ضعيفين لا يحتج بمثلهما

বাংলা

১১১২। তিনি জুম’আর দিন সালাতের উদ্দেশ্যে বের হবার পূর্বে তার নখগুলো কাটতেন এবং গোঁফ ছোট করতেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ত্ববারানী “আল-আওসাত” গ্রন্থে (১/৫০) ’আতীক ইবনু ইয়াকুব আয-যুবাইরী হতে, তিনি ইবরাহীম ইবনু কুদামাহ হতে, তিনি আবু আদিল্লাহ আল-আগার হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন। ত্ববারানী বলেনঃ হাদীসটিকে আল-আগার হতে ইব্রাহীম ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ তার সূত্রেই হাদীসটি বাযযার আতীকের বর্ণনায় বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ ইবরাহীম দলীল হওয়ার যোগ্য নন। তাকে হাফিয যাহাবী “আল-মীযান” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি মুনকার। আব্দুল হক "আল-আহকাম" গ্রন্থে (২/৭১ নং ১৬৯০) হাদীসটিকে দুর্বল হওয়ার দিকে ইঙ্গিত করেছেন। আবুশ শাইখ "আখলাকুন নবী" গ্রন্থে (২৭৭) একই সূত্রে মুরসাল হিসেবে বর্ণনা করেছেন। তিনি আবু মুসয়াবের সূত্রেও ইবরাহীম হতে ... বর্ণনা করেছেন।

মোটকথা হাদীসটি মারফু হিসেবে সহীহ নয়। তবে মওকুফ হিসেবে ইবনু উমার (রাঃ) হতে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে। "ইবনু উমার (রাঃ) প্রতিটি জুম’আর দিনে তার নখ কাটতেন আর গোঁফ ছোট করতেন"। এ মওকুফটিকে বাইহাকী (২/২৪৪) বর্ণনা করে সহীহ আখ্যা দিয়েছেন। তিনি (বাইহাকী) “মুসলিম ব্যক্তি জুম’আর দিনে মুহরিম অবস্থায় থাকে অতঃপর যখনই সালাত আদায় করে নেয় তখনই হালাল হয়ে যায়" মারফু হিসেবে বর্ণিত এ হাদীসটিকে দুর্বল সাব্যস্ত করার জন্য উক্ত মওকুফটির দ্বারা দলীল দিয়েছেন। দুর্বল সনদে এ হাদীসটিসহ অনুরূপ আরেকটি হাদীস বর্ণিত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71991

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন